

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২. ৫৪৭

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
২৮ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক  
ড্রাগ ইন্টারন্যাশনাল লিমিটেড  
প্লট নং-১০০ ও ১০৩-১০৬, ব্লক-এ  
কাঠালদিয়া, রাজউক শি/এ, টঙ্গী, গাজীপুর।  
ফোন-০১৯৭৫-৪৯১৪৬৬।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

- সূত্রঃ (১) আবেদন নথি নং- ২৩২৪ (টঙ্গী পশ্চিম), এসই(পিএভিডি)-২০৩, তার- ২৯/০৩/২০২২  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৩৪০, তার-১১/০৫/২০২২  
(৩) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৪৫৪, তার- ২৩/০৬/২০২২  
(৪) ২৪/০৭/২২ তারিখের পে-অর্ডার নং-১৬৬১৮০১ (ট্রাস্ট ব্যাংক লিঃ), টাকা = ১.২০.০০০/-  
(৫) ২৪/০৭/২২ তারিখের পে-অর্ডার নং-১৬৬১৮০২ (ট্রাস্ট ব্যাংক লিঃ), টাকা = ১.০৭.৬১.৭৩৬/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে 'ড্রাগ ইন্টারন্যাশনাল লিমিটেড', প্লট নং-১০০ ও ১০৩-১০৬, ব্লক-এ, কাঠালদিয়া রোড, রাজউক শি/এ, টঙ্গী, গাজীপুর স্থাপনার জন্য ২,০০০ (দুই হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২৩ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলেওঃ-

**শর্তসমূহঃ**

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (টঙ্গী পশ্চিম) বরাবর আবেদন করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকোর সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- RMU স্থাপনের জন্য প্রধান সড়কের পার্শ্বে ১৫'x১২' ক্ষেত্রফলের একটি কক্ষ স্থায়ী সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিভাগের নিকট হস্তান্তর এবং উক্ত কক্ষে ডেসকো কর্তৃপক্ষের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/রাজউক/সংশ্লিষ্ট সংস্থা) হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজ ব্যয়ে ও নিজ দায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- টঙ্গী-৩ ৩৩/১১ কেভি উপকেন্দ্র হতে নতুন ১১ কেভি সোর্স লাইন চালু হওয়ার পর আপনার চাহিদাকৃত লোডের সংযোগ প্রদান করা সম্ভব হবে।
- উক্ত ছাড়পত্র মার্চ-২০২৩ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(প্রকৌঃ মোঃ আবেদুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- প্রধান প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টঙ্গী সার্কেল, ডেসকো।
- নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী পশ্চিম)।
- অফিস কপি।